

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

স্মারক নং ০৫.৪১.৬৭০৪.০০১.০৬.০১৪.২২.২৬১

তারিখ ০৮/০৫/২০২৩খ্রি.

নোটিশ

এতদ্বারা সোনারগাঁ উপজেলার বয়স্ক ভাতা, বিধবা ও স্বামী নিগৃহীতা মহিলা ভাতা, প্রতিবন্ধী ভাতা এবং প্রতিবন্ধী শিক্ষা উপবৃত্তি গ্রহীতাগণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, একটি চক্র উপজেলা সমাজসেবা অফিস পরিচয় দিয়ে ভাতাভোগীর নিকট নগদ একাউন্টের পিন কোড ও ওটিপিকোডসহ অন্যান্য তথ্যাবলী চেয়ে ফোন করছে বলে বিভিন্ন ভাতা গ্রহীতাগণের নিকট থেকে জানা যায়। উপজেলা সমাজসেবা অফিস, সোনারগাঁ হতে এ রকম কোন তথ্য চাওয়া হয় না। যদি কোন ভাতাভোগীর নিকট এ রকম তথ্য চাওয়া হয় তথ্য না দেয়ার জন্য অনুরোধ করা হলো এবং যে মোবাইল নম্বর হতে তথ্য চাওয়া হয় উক্ত মোবাইল নম্বর এর বিরুদ্ধে থানায় জিডি করে জিডি কপি সংরক্ষণের জন্য অনুরোধ করা হলো। ইতিমধ্যে কোন ভাতাভোগী পিন কোড ও ওটিপিকোডসহ অন্যান্য তথ্যাবলী দিয়ে থাকলে অতিসত্বর পিন নম্বর পরিবর্তন করার জন্য অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী

(মো: রেজওয়ান-উল-ইসলাম)
উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।

স্মারক নং ৪১.০১.৬৭০৪.১৬.০০১.১৬. ১১২

তারিখ ০৮/০৫/২০২৩খ্রি.

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে প্রেরণ করা হলো।

- ১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নারায়ণগঞ্জ-০৩।
- ২। জেলা প্রশাসক, নারায়ণগঞ্জ।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৪। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নারায়ণগঞ্জ।
- ৫। প্রশাসক, সোনারগাঁ পৌরসভা, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৬। উপজেলা সমাজসেবা অফিসার, সোনারগাঁ, নারায়ণগঞ্জ।
- ৭। চেয়ারম্যান (সকল), ইউনিয়ন পরিষদ, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। বিষয়টি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৮। ফিল্ডসুপার ভাইজার, ইসলামিক ফাউন্ডেশন, সোনারগাঁ, নারায়ণগঞ্জ। বিষয়টি বহল প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ৯। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
সোনারগাঁ, নারায়ণগঞ্জ।